

**অবসরপ্রাপ্ত ১৭জন শিক্ষককে সংবর্ধনা
প্রদান করেছে ঢাবি শিক্ষক সমিতি**

বিশ্ববিদ্যালয়ের সদ্য অবসরপ্রাপ্ত ১৭জন শিক্ষককে সংবর্ধনা প্রদান করেছে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি। গতকাল ২৫ জুলাই ২০১০ রবিবার ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে আয়োজিত এক বর্ণাঢ্য অনুষ্ঠানে তাঁদের সংবর্ধনা প্রদান করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. খন্দকার বজলুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি এবং প্রো-উপাচার্য অধ্যাপক ড. হারুন-অর-রশিদ বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. এম বি এম ওবায়দুল ইসলাম স্বাগত বক্তব্য দেন। মানপত্র পাঠ করেন সমিতির সদস্য অধ্যাপক ড. মুবিনা খন্দকার। অনুষ্ঠান সঞ্চালন করেন সমিতি যুগ্মসম্পাদক অধ্যাপক ড. আবুল হাসনাত।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক অবসরপ্রাপ্ত শিক্ষকদের দীর্ঘ কর্মময় জীবনের প্রতি আলোকপাত করে বলেন, শিক্ষা, গবেষণা ও জাতি গঠনে তাঁরা যে অসামান্য অবদান রেখেছেন, বিশ্ববিদ্যালয় পরিবার তথা জাতি তা চিরদিন শ্রদ্ধার সাথে স্মরণ করবে। তিনি অবসরপ্রাপ্ত শিক্ষকদের দীর্ঘায়ু ও সুস্বাস্থ্য কামনা করেন।

সংবর্ধনাপ্রাপ্ত শিক্ষকগণ হলেন: অধ্যাপক ড. নীরু কুমার চাকমা (দর্শন বিভাগ), অধ্যাপক ড. এ বি এম হাবিবুর রহমান চৌধুরী (ইসলামিক স্টাডিজ বিভাগ), অধ্যাপক ড. সৈয়দ ফজলে এলাহী (মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগ), অধ্যাপক ড. গাজী হারুনুর রশিদ (মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগ), অধ্যাপক মো: রফিকুন নবী (অংকন ও চিত্রায়ন বিভাগ), অধ্যাপক মো: মোস্তাফিজুর রহমান (পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনস্টিটিউট), অধ্যাপক ড. গিয়াস উদ্দিন আহমেদ (রসায়ন বিভাগ), অধ্যাপক ড. মো: মুহিবুর রহমান (রসায়ন বিভাগ), অধ্যাপক ড. আবুল খায়ের (রসায়ন বিভাগ), অধ্যাপক ড. এম নজরুল ইসলাম (রাষ্ট্রবিজ্ঞান বিভাগ), অধ্যাপক ড. আশরাফ উদ্দিন চৌধুরী (অর্থনীতি বিভাগ), অধ্যাপক মিসেস খাদিজা খাতুন (পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউট), অধ্যাপক ড. জালালুর রহমান (ফলিত পদার্থ বিজ্ঞান, ইলেকট্রনিক্স ও কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগ), অধ্যাপক ড. রফিকুল ইসলাম শরীফ (ফলিত পদার্থ বিজ্ঞান, ইলেকট্রনিক্স ও কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগ), অধ্যাপক আহমদ ফখরুল আলম (মার্কেটিং বিভাগ), অধ্যাপক এম নাসির উদ্দীন (ফিন্যান্স বিভাগ) এবং অধ্যাপক শান্তি নারায়ণ ঘোষ (একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগ)।









ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির উদ্যোগে গতকাল ২৫ জুলাই ২০১০ রবিবার ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে আয়োজিত এক বর্ণাঢ্য অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের সদ্য অবসরপ্রাপ্ত ১৭জন শিক্ষককে সংবর্ধনা প্রদান করা হয়। অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে সংবর্ধনাপ্রাপ্ত শিক্ষকদের হাতে মানপত্র ও সম্মাননা ফ্রেস্ট তুলে দেন। অনুষ্ঠানে প্রো-উপাচার্য অধ্যাপক ড. হারুন-অর-রশিদ বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. খন্দকার বজলুল হক অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।